S-ec

দৈনিক ইনকিলাব

তারিখ 19 JUN 1987
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 1 ...



# আজ এইচএসসি পরীক্ষা শুরু

॥ স্টাফ রিপোর্টার ॥

আজ ঢাকা, কুমিল্লা, যশোর ও রাজশাহী এই চারটি শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষা শুরু হচ্ছে।

সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে এইসএসসি পরীক্ষা অনুষ্ঠানের ব্যাপারে যাবতীয় প্রস্তুতি ইতিমধ্যেই শেষ হয়েছে।

এবার ৪টি বোর্ডে মোট ২ লাখ ৪৪ হাজার ৮শ' ৪৮ জন পরীক্ষার্থী এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করছে। তন্মধ্যে ছাত্র সংখ্যা প্রায় ১ লাখ ৮০ হাজার এবং ছাত্রীর সংখ্যা প্রায় ৬০ হাজার।

শেষ পৃঃ ৪-এর কঃ দেখুন

## এইচ এস সি

প্রথম পৃষ্ঠার পর

মোট পরীক্ষার্থীদের মধ্যে ঢাকা বোর্ডে ৭৫ হাজার ২শ' ৭১ জন, রাজশাহী বোর্ডে ৬০ হাজার ৭শ' ৭৮ জন, কুমিল্লা বোর্ডে ৪৮ হাজার ৭শ' ৭৮ জন ও যশোর বোর্ডে ৫৮ হাজার ৭২ জন। এ ছাড়া ঢাকা বোর্ডের ডিপ্লোমা-ইন-কর্মাস গ্রুপে ১ হাজার ৯শ' ৪৯ জন।

চারটি শিক্ষা বোর্ডের মোট ৫শ' ৪০টি কেন্দ্রের মাধ্যমে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। বিদেশে ৮টি কেন্দ্রের মাধ্যমে এইচএসসি পরীক্ষা অনুষ্ঠানের ব্যবস্থা নেয়া হয়েছে। এদিকে সকল পরীক্ষা কেন্দ্রসমূহে শান্তি শৃংখলা বজায় রাখার জন্য পরীক্ষার সময় কেন্দ্রের ২শ' গজের মধ্যে ৪-এর অধিক লোক সমাগম নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে।

**কিছু বিচ্ছিন্ন ঘটনা**

এবার শিক্ষা বোর্ডসমূহ কর্তৃক বেশ কিছু সেন্টার বাতিল করায় গত পরশু সকালে পলাশ শিল্পাঞ্চল কলেজে সেন্টার দেয়ার দাবীতে একদল উচ্ছৃংখল ছাত্র ঢাকা বোর্ড অফিসে এসে বোর্ডের কর্মকর্তাদের অকথ্য ভাষায় গালিগালাজ করে এবং সেন্টার না দিলে অসুবিধা হবে বলে হুমকি দিয়ে যায়।

একই কারণে বিপুলসংখ্যক ছাত্র জনতা গত বুধবার কলেজ চত্বরে প্রবেশ করে কলেজের প্রচুর ক্ষতিসাধন করে। উচ্ছৃংখলতার এক পর্যায়ে তারা একটি বিআরটিসি বাস খাদে ফেলে দেয় বলে খুলনার সংবাদদাতা টেলিফোনে জানিয়েছে। পরবর্তীতে পুলিশের হস্তক্ষেপে তারা পালিয়ে যায়।

ঘটনার প্রেক্ষিতে যশোর শহরের সকল কেন্দ্রে ঐদিন থেকে স্থায়ী পুলিশ প্রহরার ব্যবস্থা করা হয়েছে।